

Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 17 May, 2025

কুড়িগ্রামের রাজারহাটে ১৬ইঞ্চি একটি কলাগাছে ৭টি মোচা(মোখজ) ধরেছে। এতটুকু গাছে এতোগুলো মোচা ধরায় এলাকার দারুন চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। কলার এই মোচা শত শত মানুষ একনজর দেখতে ভীড় করছে।

এলাকাসীরা জানান, উপজেলার চাকিরপশার ইউনিয়নের নাককাটিহাট বাজারের অদূরে উত্তর দিকে চাকিরপশার উপস্বাস্থ্য কেন্দ্রের সাথে নুরজ্জামালের বাড়ির পাশে একটি ১৬ইঞ্চি কলাগাছে ৭টি মোচা(মোখজ) বের হয়। শনিবার(১৭মে) দুপুরের দিকে একটি ছোট শিশু ওই কলাগাছে এতো মোচা দেখে চিৎকার দিয়ে উঠে। পরে বাড়ির লোকজন ছুটে গিয়ে কলাগাছে এ দৃশ্য দেখে হতভম্ব হয়ে পড়ে। বিষয়টি এলাকায় ছড়িয়ে পড়লে শত শত মানুষ এতো ছোট কলাগাছের ৭টি মোচা দেখতে ভীড় জমাতে থাকে। সোনার এলাকা থেকে দেখতে আসা গায়ক ত্রৈলক্যনাথ রায়(৫২) বলেন, এতো ছোট কলাগাছে ৭টি মুখজ ওয়ালা গাছ কখনো দেখিনি। এই প্রথম আমার জীবনে দেখা। সেকেন্দার আলী নামের এক ব্যক্তি বলেন, এটা গজবের লক্ষণ। এব্যাপারে রাজারহাট উপজেলা কৃষি কর্মকর্তা সাইফুল্লাহর সাথী বলেন, এখানে অনেক বেশি পরাগায়ন হয়ে গেছে। এজন্য হয়ত এতগুলো মোচা হয়েছে। তবে এ দৃশ্য খুবই দুর্লভ।

কলাগাছ মোচা

Generated on 27 June, 2025 03:36

URL: <https://www.timestodaybd.com/public/rangpur/7758072611>